

জবি শিক্ষকদের কর্মবিরতি স্থগিত নতুন ভবনের সম্প্রসারণকাজ শুরু

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক •
সংগঠিত বিশ্ববিদ্যালয়ের আন্দোলনকারী শিক্ষকরা তাঁদের কর্মবিরতি কর্মসূচি স্থগিত করেছেন। গতকাল সোমবার বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সাধারণ সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়। অন্যদিকে আন্দোলনকারী শিক্ষার্থীদের চাপের মুখে বিশ্ববিদ্যালয় প্রশাসন একাডেমিক ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণকাজের উদ্বোধন করেছে। বিশ্ববিদ্যালয়ের বেদখল ১০টি আবাসিক হল উদ্ধারের দাবিতে গত ১২ ফেব্রুয়ারি থেকে আন্দোলনে নামে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। পরে শিক্ষার্থীদের সঙ্গে একাত্মতা প্রকাশ করে দাবি আদায়ের আন্দোলনে নামেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরাও। গত ২৩ ফেব্রুয়ারি স্বতন্ত্র সংসদ সদস্য ও ঢাকা মহানগর আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক হাজি সেলিমের দখলে থাকা তিব্বত হল দখলমুক্ত

করতে গলে পুলিশের সঙ্গে শিক্ষার্থীদের সংঘর্ষ হয়। এতে সাংবাদিক শিক্ষকসহ ৩০০ শিক্ষার্থী আহত হয়। এ ঘটনার পর থেকে শিক্ষক সমিতি ক্লাস বর্জন করে কর্মবিরতি পালন করে আসছে। একাডেমিক ভবনের উর্ধ্বমুখী কাজ শুরু : এদিকে গতকাল সকাল সাড়ে ১১টার দিকে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণের কাজ উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান। এ সময় উপাচার্য বলেন, ছাত্রছাত্রীদের আবাসিক হল ও শিক্ষকদের আবাসনের দাবি অত্যন্ত যৌক্তিক। কিন্তু হল উদ্ধার করা বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রী ও শিক্ষকদের কাজ নয়। বেদখল হলগুলো উদ্ধারের ব্যাপারে শিক্ষামন্ত্রীসহ সরকারের সাহায্য সহযোগিতার আশ্বাস পাওয়া গেছে।